রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২২ সনের ১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৬, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১—১১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১—১৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—৭ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—২২ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১—২ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৮ নভেম্বর ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-১৫/২০১২-২০৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ শামসুল হুদা সিদ্দিকী, জন্ম তারিখ : ০২-০২-১৯৮৭ খ্রিঃ, পিতা-মোঃ আবদুল মজিদ সিদ্দিকী, মাতা-হাসনেহেনা বেগম, গ্রাম-খামারগ্রাম, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-বাঙ্গরা, উপজেলা-মুরাদনগর, জেলা-কুমিল্লা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার ০৬নং পূর্ব বাঙ্গরা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**

সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ কার্তিক ১৪২৮/২৮ অক্টোবর ২০২১

নং **২৫.০১৮.০০৫.০২.০০.০২৭.২০০৭-৩০০**—যেহেতু, জনাব কাজী রিয়াজুল মনির, সাবেক নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় গণপূর্ত অধিদপ্তর ও ভূতপূর্ব প্রকল্প পরিচালক, উত্তরা আবাসিক শহর (তৃতীয় পর্ব) প্রকল্প, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ২৩-০৫-২০০৭ তারিখ হতে সংযুক্ত এর বিরুদ্ধে ঢাকা মহানগর পুলিশের মতিঝিল থানার ১৪০ (৩) ০৭ নম্বর মামলায় বিজ্ঞ আদালতে ২০-০৯-২০০৭ তারিখে অভিযোগপত্র দাখিল করা হয়;

যেহেতু, তিনি বর্ণিত মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে অন্তরীণ থাকায় তাকে বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুসারে ০৪-১০-২০০৭ তারিখ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, তিনি ইতোমধ্যে জামিনে মুক্তি লাভ করেছেন;

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারে আইনগত কোনো বাধা নেই মর্মে মতামত প্রদান করে;

সেহেতু, জনাব কাজী রিয়াজুল মনির, সাবেক নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময়কে "কর্মরত" গণ্য করা হবে এবং তিনি ঐ সময়ের বকেয়া বেতন-ভাতাদি বিধি মোতাবেক প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ-১ শাখা**
**এল এ কেস নং ০৮/চার/৬২-৬৩**
**ঘ-ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৩ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৮.২০.২৯৪**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতোবেক ১৬-১১-১৯৬২ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

থানা-আটোয়ারী, জেলা-পঞ্চগড়, মৌজা-চামেশ্বরী, জে এল নং ৫৬

| সি এস খতিয়ান নং | সি এস দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৬৯ | ২১২৫ | ০.২৫০০ |
| | মোট= | ০.২৫০০ একর |

**কবীর মাহমুদ**
উপসচিব।

---

**এল এ কেস নং ২৩/চার/৬২-৬৩**
**ঘ-ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৩ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৮.২০.২৯৪**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতোবেক ০৯-০৪-১৯৬৩ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তপসিল**

থানা-আটোয়ারী, জেলা-পঞ্চগড়, মৌজা-বলরামপুর, জে এল নং ৫৯

| সি এস খতিয়ান নং | সি এস দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৪৬ | ৩০০২ | ০.২৫০০ |
| | মোট= | ০.২৫০০ একর |

**কবীর মাহমুদ**
উপসচিব।

**এল এ কেস নং-২১১/চার/৬৩-৬৪**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৩ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৮.২০.২৯৪**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতোবেক ২৮-১০-১৯৬৬ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

থানা-আটোয়ারী, জেলা-পঞ্চগড়, মৌজা-কুরুলিয়া, জে এল নং ৬০

| সি এস খতিয়ান নং | সি এস দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩৭২ | ৩০৬৯ | ০.১০ |
| ৩৭২ | ৩০৭০ | ০.০৪ |
| ৩৭২ | ৩০৭১ | ০.১০ |
| ৩৭২ | ৩০৭৫ | ০.০২ |
| ৩৭২ | ৩০৬৫ | ০.০২ |
| ৩৭২ | ৩০৬৪ | ০.০৮ |
| ৩৭২ | ৩০৬৩ | ০.০৬ |
| ৩৭২ | ৩০৫৭ | ০.১৪ |
| ৩৭২ | ৩০৫৮ | ০.০৬ |
| ৩০৫ | ৩০৪৭ | ০.০৭ |
| ৩৪৬ | ৩০৪৮ | ০.০৫ |
| ৩৪৬ | ৩১০০ | ০.০৭ |
| ৩৪৬ | ৩১০১ | ০.০৩ |
| ৩৪৬ | ৩১৯৬ | ০.০১ |
| ৩৪৬ | ৩১৮০ | ০.১২ |
| ৩৯৬ | ৩০৪৩ | ০.১৩ |
| ৯৮ | ৩১৯২ | ০.০৮ |
| ৩০৮ | ৩১৯০ | ০.১০ |
| ৪০৫ | ৩১৯৫ | ০.০৬ |
| ৩৭৫ | ৩১৯১ | ০.০৪ |
| ৩৪৮ | ৩২০২ | ০.০১ |
| ৩৬৩ | ৩২০৯ | ০.০৩ |
| ৩৬৩ | ৩১৭৯ | ০.০২ |
| ৩৮৪ | ৩২১০ | ০.০১ |
| ৩৮৪ | ৩১৭৮ | ০.০৫ |
| ৪১৭ | ৩১৭৩ | ০.২২ |
| ৪০৬ | ৩২২৭ | ০.২৩ |
| | মোট= | ১.৯৫ একর |

**কবীর মাহমুদ**
উপসচিব।

---

**এল এ কেস নং ২০/চার/৬৪-৬৫**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৩ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৮.২০.২৯৪**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতোবেক ১১-০১-১৯৬৮ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

থানা-বোদা, জেলা-পঞ্চগড়, মৌজা-হরগোবিন্দ নাপিত, জে এল নং-১৪৯

| এস এ খতিয়ান নং | এস এ দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩২৫ | ১৬৪৩ | ০.৩০ |
| | মোট= | ০.৩০ একর |

**কবীর মাহমুদ**
উপসচিব।

---

**এল এ কেস নং ৫৪/চার/৬৫-৬৬**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৩ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৮.২০.২৯৪**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতোবেক ১৭-০১-১৯৬৮ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা

মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

থানা-দেবীগঞ্জ, জেলা-পঞ্চগড়, মৌজা-লক্ষীনারায়নী, জে এল নং-৯৫

| সি এস খতিয়ান নং | সি এস দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৪০৪ | ৫৬১ | ০.২১ |
| ২৩২ | ৫৬৩ | ০.১১ |
| ২৩২ | ৫৬৫ | ০.০৩ |
| ৩৯২ | ৫৬৪ | ০.১৩ |
| | মোট= | ০.৪৮ একর |

**কবীর মাহমুদ**
উপসচিব।

**জরিপ অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০০.০৩৬.১৩.০৪৯.২১-২২৪**—নোয়াখালী জোনাল সেটেলমেন্ট অফিসের অধীন কোম্পানীগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিসের সহকারী সেটেলমেন্ট অফিসার জনাব উত্তম কুমার চাকমা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা-৪৩(১)(ক) ধারামতে ১৬-০১-২০২২ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ১৭-০১-২০২২ হতে ১৬-০১-২০২৩ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম.এম. আরিফ পাশা**
উপসচিব (জরিপ-১)।

**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/০৩ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১৭-২৪২**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | মোট খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ০১ | ঝাঞ্জিরা | ২৮ | ১৫৩৮ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ০২ | পার্বতীপুর | ১৭৯ | ২৪৮ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ০৩ | পাহাড়পুর | ৪৪ | ২১৮ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ০৪ | রামভদ্রপুর | ৪২ | ১৯১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ০৫ | গিরিবরপাড়া | ০৫ | ৩৪১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ০৬ | হোড়ারপাড়া | ৮৩ | ১০৮ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ০৭ | বিন্নাগাড়ী | ২৪ | ৬২২ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ০৮ | কুতুহলপুর | ১০২ | ২৫০ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ০৯ | কাঠালবাড়ী | ১৩ | ১৫৪ | কাহারোল | দিনাজপুর |
| ১০ | রামপুর | ২৬ | ২০৭ | কাহারোল | দিনাজপুর |
| ১১ | কোটগাঁও | ৩৬ | ৩৮৮ | কাহারোল | দিনাজপুর |
| ১২ | ছোট বামনদেওড়া | ৩৯ | ৮০ | কাহারোল | দিনাজপুর |
| ১৩ | বাজারি | ০৮ | ২১৫ | বিরল | দিনাজপুর |
| ১৪ | চক মহেশপুর | ১৩১ | ২৪৭ | পার্বতীপুর | দিনাজপুর |
| ১৫ | লোহাচরা | ০৮ | ৩০৯ | হাকিমপুর | দিনাজপুর |
| ১৬ | দক্ষিণ সাজাদপুর | ৫১ | ২১১ | হাকিমপুর | দিনাজপুর |

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | মোট খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১৭ | সিবাইপুর | ৪৬ | ২৯৫ | হাকিমপুর | দিনাজপুর |
| ১৮ | শ্রীকৃষ্ণপুর | ১১২ | ৩০৯ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ১৯ | গুঞ্জরগড় | ৮৪ | ৩৭৯ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২০ | মহাপুর | ১৪৭ | ৪০০ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২১ | আউলিয়াপুর | ৩৭ | ৩৫১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২২ | সারডুবি | ৭১ | ১৯১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২৩ | ধন্দগাঁও | ১৯০ | ৩৩৫ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

## বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১১.২১-২২০**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | নাটমরিচা | ৭২ | ১৭২৮ | শিবগঞ্জ | বগুড়া |
| ২ | সংসারদিঘী | ১৪৬ | ৯৩২ | শিবগঞ্জ | বগুড়া |
| ৩ | মহাস্থানগড় | ২৪৫ | ২১৪৮ | শিবগঞ্জ | বগুড়া |
| ৪ | ডালম্বা | ৪৩ | ৩১৯ | আদমদিঘী | বগুড়া |
| ৫ | হলদিয়াবগা | ৮১ | ১১৪২ | সোনাতলা | বগুড়া |

তারিখ : ৮ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৬.১৬(অংশ-১).২৩১**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | কুমারখালী | ৭৫ | ১৩১৩ | মাদারীপুর সদর | মাদারীপুর | মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ৭৮৫৯/১৫ নম্বর রিট সংশ্লিষ্ট ১০২০ নম্বর খতিয়ান ব্যতিত। |

তারিখ : ১০ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৬.১১(অংশ-১)-২৩২**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

২। এতদ্‌বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের গত ২০-০৬-২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৬.১১(অংশ-১)১৫১; নম্বর স্মারকে স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশিত বিজ্ঞপ্তি নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

| ক্রম | মৌজার নাম | পূর্বের গেজেটে প্রকাশিত জেএল নম্বর | সংশোধিত জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | নতুন কাওয়ার চর | ৬০ | ৬২ | ০১ | কলাপাড়া | পটুয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাকিলা রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আশ্বিন, ১৪২৮/২৮ অক্টোবর, ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০০৭.২০-১০৯**—জনাব মোহাম্মদ জাকির হোসেন মজুমদার, পিপিএম-সেবা (বিপি-৭২০৩০২৭৮১৩), উপ-পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল (সাবেক পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা)-এর বিরুদ্ধে তার স্ত্রী জনাব ফারহানা শারমীন হোসেনকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করা, স্ত্রীকে অকথ্য ভাষায় গালিগালাজ করা এবং পর নারীর প্রতি আসক্ত হয়ে বিভিন্ন সময়ে বান্দরবান থেকে ঢাকায় এসে একাধিক নারীর সাথে অসামাজিক কর্মকাণ্ডের সাথে লিপ্ত হওয়ার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় গত ১৩-১২-২০২০ খ্রিঃ তারিখের ৪১ নং স্মারকমূলে তাকে কারণ দর্শাতে বলা হয়। তিনি গত ০৫-০১-২০২১ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর আবেদন জানান। তদপ্রেক্ষিতে গত ২৭-০৫-২০১৯ তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং গত ১৪-০৬-২০২১ তারিখে পুনরায় সস্ত্রীক ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়।

০২। পরবর্তীতে অভিযোগকারী জনাব ফারহানা শারমীন হোসেন তার স্বামীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহার সংক্রান্ত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করেন। আবেদনে তিনি জানান, স্বামী-স্ত্রীর মধ্যে ভুল বোঝাবুঝির কারণে অভিযোগ দায়ের করেছিলেন। এখন সব ভুল বোঝাবুঝির অবসান হয়েছে। তারা শান্তিতে বসবাস করছেন।

০৩। জনাব মোহাম্মদ জাকির হোসেন মজুমদার, পিপিএম-সেবা (বিপি-৭২০৩০২৭৮১৩), উপ-পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল (সাবেক পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা)-এর বিরুদ্ধে আনীত অভিযোগে তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে বক্তব্য, স্ত্রী জনাব ফারহানা শারমীন হোসেন এর বক্তব্য, অভিযোগকারী কর্তৃক অভিযোগ প্রত্যাহার সংক্রান্ত আবেদনপত্র, প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে একই বিধিমালার ৪-এর (২)(ক) অনুযায়ী তিরস্কার দণ্ড প্রদান করা হলো। একইসাথে ভবিষ্যতে সরকারি কাজে তাকে আরও সতর্কতার সাথে দায়িত্বপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮/০৩ নভেম্বর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৭.২০১৯-২৭৮**—যেহেতু, জনাব গোপিনাথ কানজিলাল (বিপি-৮৪১৩১৫৯৪১২), সহকারী পুলিশ সুপার, ৩ এপিবিএন, শিরোমণি, খুলনা ইতোপূর্বে সহকারী পুলিশ সুপার ঝিনাইদহ সার্কেল হিসেবে কর্মকালে গত ০১-০১-২০১৬ খ্রিঃ তারিখ থেকে ২৭-০৭-২০১৬ খ্রিঃ সময়ের এসিআর এ তৎকালীন পুলিশ সুপার, বিরুপ মন্তব্য করেন। ঐ বিরুপ মন্তব্যের এসিআর এর ৩, ৪, ৫, ৬ ও ৭ পাতা বিধি বহির্ভূতভাবে সরিয়ে তার স্থলে নতুন পাতায় তিনি নিজেই অনুবেদনকারীর এবং প্রতিস্বাক্ষরকারীর পূরনীয় অংশসমূহ পূরন করে তার স্বাক্ষর প্রদানপূর্বক ত্রুটিপূর্ণ এসিআর পুনরায় পুলিশ অধিদপ্তরে জমা প্রদান করেন। প্রাথমিক অনুসন্ধানে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়। অভিযোগের বিষয়ে তাকে কৈফিয়ত তলব করা হয়। কৈফিয়তের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করা হয়;

০২। যেহেতু, জনাব গোপিনাথ কানজিলাল (বিপি-৮৪১৩১৫৯৪১২), সহকারী পুলিশ সুপার, ৩ এপিবিএন, শিরোমণি, খুলনা কে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ১৯-০১-২০২০ খ্রিঃ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৭.২০১৯-১২ নম্বর স্মারকমূলে কারণ দর্শানো হয়। তিনি ০২-০২-২০২০ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন প্রার্থনা করলে ০৬-০৯-২০২০ খ্রিঃ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য জনাব তরিকুল রহমান (বিপি-৮০১১১৪২৫১৩), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি ঢাকাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ০২-০৩-২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন; এবং

০৫। সেহেতু, অপরাধের গুরুত্ব এবং সার্বিক পর্যালোচনায় জনাব গোপিনাথ কানজিলাল (বিপি-৮৪১৩১৫৯৪১২), সহকারী পুলিশ সুপার, ৩ এপিবিএন, শিরোমণি, খুলনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ"এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুসারে তাকে ৩ (তিন) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ড প্রদান করা হলো। দণ্ডের মেয়াদকালে তিনি জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯ (টাকা ২২০০০—৫৩০৬০) এর ২২০০০ টাকার ধাপে বেতন প্রাপ্য হবেন। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

০৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৯৪.০২.০৫৪.২০১৫-২৮২**—যেহেতু, জনাব মোহাম্মদ ফখরুজ্জামান (বিপি নং-৭৯০৫১১৮৪০৫) প্রাক্তন অতিরিক্ত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ গত ০১-০১-২০১৪ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি তার অফিস/কর্তৃপক্ষের সাথে কোনো প্রকার

যোগাযোগ ব্যতিরেকেই একাদিক্রমে ৫(পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি কোনো জবাব প্রদান করেননি;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেওয়ার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনমতে তিনি গত ০১-০১-২০১৪ খ্রিঃ তারিখ হতে একাদিক্রমে ৫(পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে প্রমাণিত হয়েছে;

যেহেতু, বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব মোহাম্মদ ফখরুজ্জামান (বিপি-৭৯০৫১১৮৪০৫) প্রাক্তন অতিরিক্ত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর চাকরি অবসানের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন; এবং

সেহেতু, জনাব মোহাম্মদ ফখরুজ্জামান (বিপি নং-৭৯০৫১১৮৪০৫) প্রাক্তন অতিরিক্ত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর চাকরি বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ০১-০১-২০১৯ খ্রিঃ তারিখ হতে অবসান করা হলো। তিনি অনুপস্থিতকালীন কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০২১ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.০২৭.০১৯.২১-৩৫২**—ডা. মোঃ আবেদুর রহমান (৪৩২১২), সহযোগী অধ্যাপক (ফিজিওলজি) ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর; সংযুক্ত: কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া ইতঃপূর্বে এম আব্দুর রহিম মেডিকেল কলেজ, দিনাজপুরে কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে উক্ত কলেজের একজন ছাত্রীর সঙ্গে অনৈতিক ও অমার্জিত আচরণের অভিযোগ পাওয়া যায়।

অভিযোগটি উক্ত কলেজের একজন অধ্যাপকের নেতৃত্বাধীন তিন সদস্যবিশিষ্ট কমিটির মাধ্যমে স্থানীয়ভাবে তদন্ত করা হয়। তদন্তে ডা. মোঃ আবেদুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রমাণিত হয় এবং তিনি নিজে মৌখিক ও লিখিতভাবে তার দায় স্বীকার করেন। উক্ত অভিযোগের ভিত্তিতে ইতোমধ্যে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর আলোকে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।

এমতাবস্থায়, অপরাধের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় ডা. মোঃ আবেদুর রহমানকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা মোতাবেক এ আদেশ জারির তারিখ থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

প্রচলিত বিধি মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোশ ভাতাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লোকমান হোসেন মিয়া**
সিনিয়র সচিব।

**আদেশাবলি**

তারিখ : ১৮ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ/০৩ নভেম্বর, ২০২১ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০১৪.২১-৩৬৬**—যেহেতু ডা. রতন দাশ গুপ্ত (৪৩৮৬৪), সহযোগী অধ্যাপক, নেফ্রোলজি, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা ২০১৮-১৯ অর্থবছরে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে এমএসআরসহ অন্যান্য মালামাল ক্রয়/সংগ্রহ ও মেরামত কার্যক্রমে বাজার দর যাচাই কমিটির সদস্য হিসেবে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজারদর নির্ধারণ করার মাধ্যমে সরকারের মোট ৬,৪০,৩১,৮০০/- (ছয় কোটি চল্লিশ লক্ষ একত্রিশ হাজার আটশ) টাকার আর্থিক ক্ষতিসাধন করেছেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়;

যেহেতু উক্ত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) ধারা মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে ২৯-১০-২০২০ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৬.২০২০-৩৯২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণের পর আনীত অভিযোগ তদন্ত করার জন্য (তিন) সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু তদন্তে তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি; তবে তিনি যথাযথভাবে বিধি মোতাবেক বাজারদর প্রণয়ন না করার কারণে অসদাচরণের দায়ে দোষী মর্মে প্রমাণিত হয়েছে;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী ডা. রতন দাশ গুপ্তের বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো এবং এ মর্মে তার বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০১৩.২১-৩৬৭**—যেহেতু ডাঃ সৌমিত্র সরকার (৪২৭০৪), সহযোগী অধ্যাপক, নিউরোসার্জারি, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা ২০১৮-১৯ অর্থবছরে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে এমএসআরসহ অন্যান্য মালামাল ক্রয়/সংগ্রহ ও মেরামত কার্যক্রমে বাজার দর যাচাই কমিটির সভাপতি হিসেবে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজারদর নির্ধারণ করার মাধ্যমে সরকারের মোট ৬,৪০,৩১,৮০০/- (ছয় কোটি চল্লিশ লক্ষ একত্রিশ হাজার আটশ) টাকার আর্থিক ক্ষতিসাধন করেছেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়;

যেহেতু উক্ত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) ধারা মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে ২৯-১০-২০২০ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৬.২০২০-৩৯১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণের পর আনীত অভিযোগ তদন্ত করার জন্য (তিন) সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু তদন্তে তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি; তবে তিনি যথাযথভাবে বিধি মোতাবেক বাজারদর প্রণয়ন না করার কারণে অসদাচরণের দায়ে দোষী মর্মে প্রমাণিত হয়েছে;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী ডাঃ সৌমিত্র সরকারের বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো এবং এ মর্মে তার বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০২০.২১-৩৬৮**—ডা. মো: মোমিনুর রহমান (৪৪০৪১), সহকারী পরিচালক (রোগ নিয়ন্ত্রণ), বিভাগীয় স্বাস্থ্য দপ্তর, বরিশাল (পূর্ববর্তী কর্মস্থল: সহকারী পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা) সিএমএসডিতে কর্মরত থাকাকালে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালনে অস্বীকৃতি জ্ঞাপনের পাশাপাশি বিষয়টি চ্যালেঞ্জ করা এবং বিভিন্ন ব্যক্তির মাধ্যমে তদবির করে কর্তৃপক্ষের উপর চাপ সৃষ্টির অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে স্বাস্থ্য সেবা বিভাগের ২৮-০৩-২০২১ খ্রি. তারিখের ১২৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

গত ১০-১০-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে বিধি মোতাবেক তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, ডা. মোমিনুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি এবং এ বিষয়ে শুনানিতে উপস্থাপিত তার বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায় ডা. মোমিনুর রহমানের বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো এবং এ মর্মে তার বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লোকমান হোসেন মিয়া**
সিনিয়র সচিব।

## স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
## শৃঙ্খলা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১২ কার্তিক ১৪২৮/২৮ অক্টোবর ২০২১

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৪.২০-৪১৩**—যেহেতু, ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), টেকনাফ, কক্সবাজার (নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়ার কর্মকালীন অভিযোগ) এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে, তিনি ২৪-২৯ নভেম্বর, ২০১৮ পর্যন্ত সেবা সপ্তাহ চলাকালে উদ্বোধনী দিন ২৪ নভেম্বর, ২০১৮ তারিখে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি সেবা সপ্তাহের মতো জাতীয় কর্মসূচির উদ্বোধনী দিনে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের প্রতি অবহেলা প্রদর্শন করেছেন। তিনি ২৩-০৮-২০১৫ খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য কমিটির সভায় অংশগ্রহণ করেননি। ফলে মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অসন্তোষ প্রকাশ করেন। তিনি ১৭-০৭-২০১৬ খ্রিঃ ও ২৬-০৭-২০১৬ খ্রিঃ তারিখ ০২ (দুই) দিন স্থায়ী পদ্ধতির ক্যাম্পে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন এবং ১৮-০২-২০১৯ খ্রিঃ ও ১৬-০৫-২০১৯ খ্রিঃ তারিখ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক গত ০৬-০৮-২০১৯ খ্রিঃ তারিখে নাসিরনগর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় পরিদর্শনকালে তার দাপ্তরিক বিশৃঙ্খলাসহ নানা আর্থিক অনিয়মের প্রমাণ পাওয়া যায়। তিনি ২৬-০৮-২০১৯ খ্রিঃ হতে ২৮-০৮-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়া জেলায় এইচআরআইএস বিষয়ক গুরুত্বপূর্ণ প্রশিক্ষণে বিনা অনুমতিতে অনুপস্থিত ছিলেন। পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর মোবাইল ফোনে তাকে প্রশিক্ষণে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেন, কিন্তু তিনি উপস্থিত হননি। গত ১৫-০৯-২০১৯ খ্রিঃ তারিখে নাসিরনগর উপজেলায় এফপিএফএসডি-অপারেশনাল প্ল্যানের আওতায় নিয়োগকৃত ১৫ জন স্বেচ্ছাসেবী যোগদান করেন। ব্রাহ্মণবাড়িয়া-১ সংসদীয় আসনের মাননীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান'সহ উপজেলার অন্যান্য কর্মকর্তা উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকলেও তিনি উপস্থিত ছিলেন না, তার অনুপস্থিতিতে মাননীয় সংসদ সদস্য অসন্তোষ প্রকাশ করেন। ১৬-১০-২০১৯ খ্রিঃ তারিখে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় তিনি বিনা অনুমতিতে অনুপস্থিত ছিলেন। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ব্রাহ্মণবাড়িয়া ১৭-১০-২০১৯ তারিখে গুনিয়াউক ইউনিয়ন আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনকালে তার কর্পোরেট নম্বরে (০১৯০৪৪০৪১১২) ফোন করলেও তিনি ফোন রিসিভ করেননি। তিনি অফিসে অনুপস্থিত থেকে ব্যক্তিগত চিকিৎসা কেন্দ্র নারায়ণগঞ্জ চক্ষু হাসপাতালে নিয়মিতভাবে চিকিৎসা সেবা দিচ্ছেন।

২। যেহেতু, তার বিরুদ্ধে উত্থাপিত উপর্যুক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ার পরিপ্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তর

কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণের' অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-৫২/২০ রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৫-০৩-২০২১ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৪.২০-২৬৯ নং-স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ০৭-০৯-২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা বলেন, সেবা সপ্তাহের মধ্যে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির ক্যাম্পে তার জন্য নির্ধারিত ছিল ২৭-১১-২০১৮ খ্রি. তারিখ। ওই দিন তিনি উপস্থিত থেকে ক্যাম্প পরিচালনা করেন এবং মোট ১৩ জন ক্লায়েন্টকে ইমপ্ল্যান্ট পড়ানো হয়। তিনি ২৩-০৮-২০১৫ খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য কমিটির সভায় অংশগ্রহণ করেন। ১৮-০২-২০১৯ ও ১৬-০৮-২০১৯ খ্রি. তারিখে শারীরিক অসুস্থতার কারণে অনুপস্থিত ছিলেন যা পরবর্তীতে ছুটি মঞ্জুর করে নিয়েছেন। তিনি বলেন, ০৬-০৮-২০১৯ খ্রি. তারিখে নাসিরনগর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় পরিদর্শনে যে দাপ্তরিক বিশৃঙ্খলাসহ নানা আর্থিক অনিয়মের প্রমাণ উপপরিচালক পেয়েছেন বলে দাবি করেছেন, পরবর্তীতে তার কোনো ভিত্তি পাওয়া যায়নি। এ ব্যাপারে অডিট আপত্তিও উত্থাপিত হয়নি। ২৬ থেকে ২৮ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত HRIS বিষয়ক গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ অনুষ্ঠানে মারাত্মক শারীরিক অসুস্থতার কারণে উপস্থিত হতে পারেননি। তিনি দীর্ঘদিন যাবৎ শারীরিক বিভিন্ন জটিল সমস্যায় ভুগছেন। বর্তমানে তার দুটি কিডনি অকার্যকর হয়ে পড়েছে। সপ্তাহে তিন দিন তাকে কিডনি ডায়ালাইসিস করাতে হয়। তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করে ভবিষ্যতে এরকম ভুল আর করবেন না বলে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ হতে অব্যাহতি চেয়েছেন;

৪। যেহেতু, নথি পর্যালোচনায় এবং সার্বিক বিবেচনায় প্রতীয়মান হয়, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে এবং তিনি তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেননি। তবে তার বক্তব্য অনুযায়ী তিনি অসুস্থ ও অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন।

৫। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), টেকনাফ, কক্সবাজার (প্রাক্তন মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া)-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণের' অভিযোগের দায় হতে অব্যাহতি দেয়া হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আলী নূর**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ কার্তিক ১৪২৮/২৬ অক্টোবর ২০২১

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(১)-২২৩৫**—চাঁপাইনবাবগঞ্জ, সাতক্ষীরা, শেরপুর, নেত্রকোণা, বগুড়া, মাদারীপুর ও কুড়িগ্রাম জেলা পরিষদের সাধারণ ওয়ার্ড ও সংরক্ষিত ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে:

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ সারোয়ার-য়ে-আলম, সদস্য, ওয়ার্ড নং-০৮, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ | ২৪ অক্টোবর ২০২১ |
| ২. | জনাব মোঃ মনিরুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-০৪, জেলা পরিষদ, সাতক্ষীরা | ০৩ অক্টোবর ২০২১ |
| ৩. | জনাব আঞ্জুমান আরা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, ওয়ার্ড নং-০৪, জেলা পরিষদ, শেরপুর | ২৪ অক্টোবর ২০২১ |
| ৪. | জনাব মোঃ বিল্লাল হোসেন চৌধুরী, সদস্য, ওয়ার্ড নং-০৮, জেলা পরিষদ, শেরপুর | ২৪ অক্টোবর ২০২১ |
| ৫. | জনাব মুহাম্মদ আনিসুজ্জামান তালুকদার, সদস্য, ওয়ার্ড নং-১৫, জেলা পরিষদ, নেত্রকোণা | ১৭ অক্টোবর ২০২১ |
| ৬. | জনাব মোঃ আব্দুল করিম, সদস্য, ওয়ার্ড নং-১১, জেলা পরিষদ, বগুড়া | ১০ অক্টোবর ২০২১ |
| ৭. | জনাব মোঃ সেলিম হাওলাদার, সদস্য, ওয়ার্ড নং-০১, জেলা পরিষদ, মাদারীপুর | ০৫ অক্টোবর ২০২১ |

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ৮. | জনাব খান ফারুক, সদস্য, ওয়ার্ড নং-০৯, জেলা পরিষদ, মাদারীপুর | ১০ অক্টোবর ২০২১ |
| ৯. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সদস্য, ওয়ার্ড নং-০২, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ১১ অক্টোবর ২০২১ |
| ১০. | জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, সদস্য, ওয়ার্ড নং-০১, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ১১ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদসমূহের সদস্যগণ স্ব স্ব পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা **১১** এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী উক্ত পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

তারিখ : ১৬ কার্তিক ১৪২৮/০১ নভেম্বর ২০২১

নং **৪৬.৪২.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.২২৮১**—নোয়াখালী, মুন্সীগঞ্জ ও নেত্রকোণা জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে:

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ জহিরুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-০৫, জেলা পরিষদ, নোয়াখালী | ৩০ অক্টোবর ২০২১ |
| ২. | জনাব মোঃ আনিছুর রহমান, সদস্য, ওয়ার্ড নং-০৯, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ | ২৫ অক্টোবর ২০২১ |
| ৩. | জনাব মোঃ আফসার উদ্দিন ভূঁইয়া, সদস্য, ওয়ার্ড নং-১৩, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ | ২৫ অক্টোবর ২০২১ |
| ৪. | জনাব এ কে এম মাজহারুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-১৩, জেলা পরিষদ, নেত্রকোণা | ২৭ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদসমূহের সদস্যগণ স্ব স্ব পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা **১১** এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী উক্ত পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

নং **৪৬.৪২.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.২২৬৪**—শেরপুর, কুড়িগ্রাম, যশোর ও গাজীপুর জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে:

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব খন্দকার রবিউল করিম, সদস্য, ওয়ার্ড নং-১২, জেলা পরিষদ, শেরপুর | ১৮ অক্টোবর ২০২১ |
| ২. | জনাব মোঃ আব্দুল জলিল, সদস্য, ওয়ার্ড নং-০৩, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ২৫ অক্টোবর ২০২১ |
| ৩. | জনাব মোঃ হাবিবর রহমান সদস্য, ওয়ার্ড নং-০৪, জেলা পরিষদ, যশোর | ১৪ অক্টোবর ২০২১ |
| ৪. | আলহাজ্ব এম. এ. ওহাব খাঁন খোকা, সদস্য, ওয়ার্ড নং-১০, জেলা পরিষদ, গাজীপুর | ১৭ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদসমূহের সদস্যগণ স্ব স্ব পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা **১১** এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী উক্ত পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

তারিখ : ১৭ কার্তিক ১৪২৮/০২ নভেম্বর ২০২১

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(১)-২২৮৫**—রংপুর ও সাতক্ষীরা জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে:

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আনোয়ার হোসেন, সদস্য, ওয়ার্ড নং-০৮, জেলা পরিষদ, রংপুর | ১৩ অক্টোবর ২০২১ |
| ২. | জনাব এস, এম, আসাদুর রহমান, সদস্য, ওয়ার্ড নং-০৭, জেলা পরিষদ, সাতক্ষীরা | ২৫ অক্টোবর ২০২১ |

২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদসমূহের সদস্যগণ স্ব স্ব পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা **১১** এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী উক্ত পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

তারিখ : **১৮** কার্তিক **১৪২৮**/০৩ নভেম্বর ২০২**১**

নং **৪৬.০০.০০০০.০৪২.৯৯.০৬৪.২০১৭.২৩০৫**—যশোর জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্য স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। যশোর জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁর পদত্যাগপত্র গৃহীত হয়েছে:

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব এম, এম, ফারুক হুসাইন, সদস্য, ওয়ার্ড নং-**১১**, জেলা পরিষদ, যশোর | ২৫ অক্টোবর ২০২**১** |

২। এমতাবস্থায়, যশোর জেলা পরিষদের সদস্য পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা **১১** এর উপ-ধারা (**১**)(গ) অনুযায়ী উক্ত পদ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী**
উপসচিব।